

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-১০

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-১০

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১৭৭.২৪ নথির বিষয়ঃ Procurement of Mud Pump for Water Line Maintenance under MODS Zone-10.
 নোটঃ ১ নোটের বিষয়ঃ Procurement of Mud Pump for Water Line Maintenance under MODS Zone-10.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৯/১০/২৪ ৭:১৩ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন অধিকাংশ এলাকায় এইচডিপিই পানির লাইনের মাধ্যমে DMA বাস্তবায়ন করা হয়েছে। Non-DMA এলাকা সমূহে কিছু দিনের মধ্যেই DMA বাস্তবায়ন কাজ আরম্ভ করা হবে। DMA এলাকা সমূহে সুষ্ঠু পানি ব্যবস্থাপনার জন্য Inter DMA Chamber, Air Release Valve, Gate Chamber স্থাপন করা হয়েছে। বৃষ্টি কিংবা অন্যান্য কারণে রাস্তায় পানি জমে থাকলে বর্ণিত চেম্বার সমূহ পানিতে পরিপূর্ণ হয়ে যায়। জরুরী পানির লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রতিনিয়ত Inter DMA Chamber, Air Release Valve, Gate Chamber সমূহে কাজ করার প্রয়োজন দেখা দেয়। ফলে চেম্বারে জমে থাকা পানি অপসারণ করার প্রয়োজন দেখা দেয়। এছাড়াও এইচডিপিই পানির লাইনের লিকেজ মেরামত কাজ ও অন্যান্য কাজের সময় ট্রেস সম্পূর্ণ ভাবে শুকিয়ে নিতে হয়। এ কাজে সাবমারসিবল মাড পাম্প ব্যবহার করার প্রয়োজন দেখা দেয়। মডস জোন-১০ বিদ্যমান মাড পাম্প সমূহ দীর্ঘ দিন ব্যবহারের ফলে প্রায়শই বিকল হয়ে যাচ্ছে। এতে মেরামত ব্যয় বেড়ে গিয়েছে এবং কাজের সময় অসুবিধা দেখা দেয়। সুষ্ঠু ভাবে পানির লাইনের জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য জরুরী ভিত্তিতে ০১(এক)টি সাবমারসিবল মাড পাম্প এবং আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন। মাড পাম্প এবং আনুষঙ্গিক মালামাল ক্রয়ের জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে (সংযুক্ত-১ এ কোটেশন সংযুক্ত)। সংগৃহীত কোটেশন অনুযায়ী একটি প্রাক্কলণ তৈরী করা হলো। প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ১৯,৪৬৪/- (উনিশ হাজার চারশত চৌষট্টি টাকা মাত্র) টাকা মাত্র (সংযুক্তি-২ এ প্রাক্কলণ)। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ইং অর্থ বছরের অত্র বিভাগের বাজেট বরাদ্দের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত(০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে।



সংযুক্তিসমূহ (২):

১। কোটেশন।

২। প্রাক্কলণ।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৯/১০/২৪ ৭:১৪ অপরাহ্ন

এমতাবস্থায়, “Procurement of Mud Pump for Water Line Maintenance under MODS Zone-10” শীর্ষক কাজটি সম্পন্ন করণে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮১/১ বিধি অনুযায়ী সরাসরি ক্রয় খাতে সম্পন্ন করণের জন্য উপস্থাপিত টাঃ ১৯,৪৬৪/- (উনিশ হাজার চারশত চৌষট্টি টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ক্রয় কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

			
২৯/১০/২৪ ৭:১৯ অপরাহ্ন মানিক চন্দ্র মহানায়ক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১০	৩০/১০/২৪ ১০:১৯ পূর্বাহ্ন মোঃ আসাদুজ্জামান সহকারী প্রকৌশলী মডস জোন-১০	৩০/১০/২৪ ১০:৩২ পূর্বাহ্ন সুজন চন্দ্র বর্মেন নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	১৯/১১/২৪ ২:৪৩ অপরাহ্ন মোঃ ফিরোজ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-২

১৯/১১/২৪ ২:৪৩ অপরাহ্ন

মুজিবুর রহমান

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

প্রধান প্রকৌশলী (পরিচালন ও

রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/১১/২৪ ৭:৫৪ অপরাহ্ন

Okay



১৯/১১/২৪ ৭:৫৪ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২০/১১/২৪ ১১:০৭ পূর্বাহ্ন
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-২



২০/১১/২৪ ২:৫২ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২০/১১/২৪ ২:৫২ অপরাহ্ন
মানিক চন্দ্র মহানায়ক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-১০